



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৮/০৬/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ১০০ (একশত) পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০৩ জন গ্রেফতার



গত ০৭/০৬/২০২১ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)র সিনিয়র সহকারী পুলিশ কমিশনার জনাব মোঃ ফারুক আহমেদ এর অপারেশন পরিকল্পনায়, পুলিশ পরিদর্শক(নিঃ) জনাব মোঃ ছালেহ আহাম্মদ পাঠান এর নেতৃত্বে, পুলিশ পরিদর্শক (নিঃ) মোঃ মোতালেব হোসেন, এসআই(নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই(নিঃ) মোঃ বাবুল ইসলাম এবং সঙ্গীয় ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন পরশুরাম থানাধীন ০৪ নং ওয়ার্ডস্থ ধাপ সর্দার পাড়া 'স' মিল মোড়স্থ মেসার্স রাকিবুল কেলাম নামক কেলাম বোর্ড তৈরীর দোকানের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে নেশাজাতীয় মাদকদ্রব্য ১০০(একশত)পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০৩ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো- ১। মোঃ মাহামাদুল হাসান চঞ্চল(৩২), পিতা- মোঃ আব্দুল হান্নান, সাং-আমাষু বালাকোয়ার, ২। মোঃ আজিজুল ইসলাম (৩৩), পিতাঃ মনতাজ আলী, সাং- বালাকোয়ার (বুড়িরখান) এবং ৩। মোঃ রুবেল (৩২), পিতা আমিনুল ইসলাম, সাং- বুড়াইল বাজার শেখটারী মধ্যপাড়া, সর্ব থানা- পরশুরাম, রংপুর মহানগর, রংপুর।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে পরশুরাম থানায় মাদক বিরোধী আইন ২০১৮ এর ৩৬(১) সারণি ১০(ক)/৪১ ধারায় মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মেট্রোপলিটন এলাকায় সকল প্রকার অপরাধ দমন ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশ ডিবি'র অভিযান অব্যাহত থাকবে।

০৮.০৬.২০২১
(মোঃ ফারুক আহমেদ)
সহকারী পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৭২